# জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি: ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
স্থান: সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ
তারিখ: ২৭/০৩/২০২৩ খ্রি.
সময়: ১২:০০ টায়

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিবন্ধক ও মহাপরিচালক সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১. | ১৯/০১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ | বিগত ১৯/০১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত এ সংক্রান্ত সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং-০৯(৫০)স/মূ, তারিখ: ০৬/০২/২০২৩ খ্রি. মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণী দৃঢ়করণ করা যেতে পারে। | বিগত ১৯/০১/২০২৩ খ্রি.তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২ | সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | সভায় প্রতিটি বিভাগে ১টি করে বেদে ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীদের নিয়ে সমবায় সমিতি গঠন এবং প্রয়োজনে কোন জেলায় যদি বেদে ও তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী বেশী পরিমাণে থাকে সেক্ষেত্রে উক্ত জেলায় একের অধিক সমবায় সমিতি গঠন করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অনগ্রসর হিসেবে দলিতদের নিয়ে সমবায় সমিতি গঠন বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অনগ্রসর বেদে, তৃতীয় লিঙ্গ ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | (ক) প্রতিটি বিভাগে আগামী ১ মাসের মধ্যে কমপক্ষে ১টি করে বেদে, তৃতীয় লিঙ্গ ও দলিত সম্প্রদায়কে নিয়ে পৃথক পৃথক সমবায় সমিতি গঠন করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান অনগ্রসর ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি বিগত ১৬.০১.২০২৩ তারিখে, স্মারক নম্বর:- ৪৭.৬১.০০০০.০৪৯.১৪.০০১.২৩.১৫ মোতাবেক সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবর প্রেরণ করা হয়। ডিপিপি এর উপর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়নি। যাচাই কমিটির সভা অনুষ্ঠানের পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (খ) প্রস্তাবিত "দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ" শীর্ষক প্রকল্পের এর বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান 'বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি" প্রকল্পটির ডিপিপি অনুমোদন ও প্রক্রিয়াকরণের নিমিত্তে প্রকল্প যাচাই কমিটির সভা গত ১৫.০১.২০২৩ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অনুষ্ঠিত হয়েছে। যাচাই কমিটির নির্দেশনা মোতাবেক ডিপিপি পুনর্গঠন এর কাজ সম্পন্ন হয়েছে। | (গ) "বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি" শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |
| ০৩. | সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' প্রকল্পটি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত এডিপিতে প্রস্তাব করা রয়েছে। প্রকল্পের বাস্তবায়নকাল (১লা জুলাই ২০২২ খ্রি. হতে ৩০ জুন ২০২৬ খ্রি.)। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৬১৮৭.১০ লক্ষ টাকা। প্রকল্পটির বিষয়ে ২৬.০২.২০২৩ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার নির্দেশনা মোতাবেক ডিপিপি পুনর্গঠনের কাজ চলমান রয়েছে। | (ক) 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৪. | আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান ‘বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা’ পাইলট শীর্ষক প্রকল্পটি ৪৯৯৩.৯০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটি ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে ৩৪৮৪.০০ লক্ষ (রাজস্ব বাবদ ১৯৫২.০০ লক্ষ ও মুলধন বাবদ ১৫৩২.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ ১৯৫৯.৭৫ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের ফেব্রুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ৪৫১.৬৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ১২.৯৬%। প্রকল্পটি সংশোধনের নিমিত্ত ২৩.০২.২০২৩ খ্রি. তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। | (ক) “বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা” শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| | | বিভাগীয় সমবায় দপ্তর, চট্রগ্রাম হতে কুমিল্লা জেলার ‘রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ’ এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি বিষয়ে ০১টি পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রতিবেদনটি পর্যালোচনার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং ‘রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ’ এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি পুনরায় পরিদর্শন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (গ) ‘রায়চৌ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ’ এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| ০৫. | পুষ্টি চাহিদা পূরণ ও দুগ্ধ শিল্পের প্রসার **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান উপজেলা ভিত্তিক দুগ্ধ উৎপাদন, চাহিদা ও ঘাটতির মূল্যায়ন করে দেশের ৩৭টি জেলার ৫০ টি উপজেলায় দুগ্ধ উৎপাদন বৃদ্ধি ও স্থানীয় পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে ১৫৬৮৮.২৪ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০২২ হতে জুন২০২৬ মেয়াদে সমবায় অধিদপ্তর কর্তৃক ‘দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। বিগত ০১.০২.২০২৩ খ্রি. তারিখে, ৪৭.০০.০০০০.০৩৪.১৪.০০৪.২২.১৯ স্মারক মূলে প্রকল্পটির প্রকল্প পরিচালক হিসেবে জনাব মোঃ মশিউর রহমান, যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা দায়িত্ব পালন করছেন। | (ক) “দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর/ প্রকল্প পরিচালক |
| | | ‘উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়’ প্রকল্পটির প্রকল্প ব্যয় বিবেচনায় পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক নিরপেক্ষ প্রতিষ্ঠানের মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাথে যোগাযোগ করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত বিভাগ হতে সম্ভাব্যতা সমীক্ষার প্রাথমিক প্রস্তাব ও আনুমানিক | (খ) “উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়” প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষার পূর্ণাঙ্গ প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ব্যয়ের বাজেট পাওয়া গিয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর স্মারক নং-৪৭.৬১.০০০০.০৩২.০২.১১৬.১৬.৬৭, তারিখ: ০৯.০২.২০২৩ মূলে প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের ব্যয় সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) হতে নির্বাহের অনুমোদন প্রদান করে। সে পরিপ্রেক্ষিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ এর সমীক্ষাদলকে সম্ভাব্যতা সমীক্ষার বিস্তারিত প্রস্তাবনা প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয় সে মোতাবেক দলটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করেছে। সভায় পূর্ণাঙ্গ প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | | |
| ০৬. | উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে জানান 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির অনুকূলে অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। ফলে প্রকল্পটি সংশোধিত এডিপিতে অন্তর্ভুক্ত করে বাজেট বরাদ্দ প্রদান করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | (ক) 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির বাজেট বরাদ্দ প্রদান বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর/ প্রকল্প পরিচালক |
| ০৭. | স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যেগঠিত কমিটি কর্তৃক একটি ওয়ার্কশপ করত: গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যে একটি ওয়ার্কশপ করত: গৃহীত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপনিবন্ধক (সেবা শিল্প) সমবায় অধিদপ্তর |

| ক্র. নং | চিহ্নিত বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৮. | ৫১ তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন **(সূত্রঃ ৫১তম জাতীয় সমবায় দিবস, ০৫/১১/২০২২)** | ৫১তম জাতীয় সমবায় দিবস ২০২২ এ মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়গুলো চিহ্নিত করে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে আগামী ১৫ দিনের মধ্যে ১টি সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ৫১তম জাতীয় সমবায় দিবস ২০২২ এ মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়গুলো চিহ্নিত করে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে আগামী ১৫ দিনের মধ্যে ১টি সভা (zoom) অনুষ্ঠানের আয়োজন এবং উক্ত সভার সিদ্ধান্তসমূহ পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৩.২৩- ৬৮৬ (৫০) স/মু; তারিখঃ১৮/০৪/২০২৩খ্রি.

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ</u>

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)............................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। যুগ্মনিবন্ধক (সকল)............................................, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৫। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৬। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। উপনিবন্ধক (সকল) ............................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৮। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৯। সহকারী নিবন্ধক (সকল)............................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
১০। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১৮/০৪/২০২৩

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।